

**STUDY MATERIAL FOR SEM - 6 SANSKRIT GENERAL STUDENTS**

**DEPARTMENT OF SANSKRIT**

**TEACHER'S NAME- ARPITA PRAMNIK**

**K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM**

**DATE-4-5-2020**

**PAPER- DSE-2**

**TOPIC-ALAMKARA(SHORT QUESTION)**

## অলংকার

### ১। অলংকার শব্দের অর্থ কি ?

অলম্-কৃ+ঘঞ্চ=অলংকারঃ। এই ‘ঘঞ্চ’ প্রত্যয়টি ভাববাচ্যে প্রযুক্ত হলে ‘অলংকার’ শব্দের অর্থ হবে কাব্যের সাধারণ সৌন্দর্য। এই অর্থেই প্রাচীন ভারতে কাব্যতত্ত্বের গ্রন্থকে বলা হত অলংকারশাস্ত্র। এবং তার রচয়িতাকে বলা হত আলংকারিক। আবার উক্ত ‘ঘঞ্চ’ প্রত্যয়টি করণবাচ্যে প্রযুক্ত হলে ‘অলংকার’ শব্দটি শ্লেষ, উপমাদি পারিভাষিক কাব্যালংকার বোঝায়। অলংকার শব্দের অর্থ হল ভূষণ। ‘অলংক্রিয়তে অনেন ইতি’ এই অর্থে যা কাব্যের শোভা বর্দ্ধন করে বা কাব্যোৎকর্ষতাজনক ধর্মহী হল অলংকার।

### ২। তোমাদের পাঠ্য ‘অলংকার’ এই বিষয়টি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত ?

আমাদের পাঠ্য অলংকার গ্রন্থটি ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের দশম পরিচ্ছেদের

অন্তর্ভুক্ত।

### ৩। ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের রচয়িতা কে ? তিনি কোন শতকের আলংকারিক

‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের রচয়িতা আচার্য বিশ্বনাথ কবিরাজ। তিনি শ্রীষ্টিয় চতুর্দশ শতকের আলংকারিক।

### ৪। ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের নামটি বিশ্লেষণ কর।

সাহিত্য+ঘঞ্চ=সাহিত্য। দৃপ+ল্যুট্ বা অনট, ক্লীবলিঙ্গ। সাহিত্যস্য দর্পণম্=সাহিত্যদর্পণম্। সাহিত্যের দর্পণ বা আয়না। সাহিত্য যে জ্ঞান দান করে তা নির্মল দর্পণের ন্যায় স্বচ্ছ। সাহিত্য শব্দের অর্থ মেলন।

### ৫। সাহিত্যদর্পণ গ্রন্থে কটি পরিচ্ছেদ আছে ? এর দশম পরিচ্ছেদের আলোচ্য বিষয় কি ?

‘সাহিত্যদর্পণ’ গ্রন্থে দশটি পরিচ্ছেদ আছে। এর দশম পরিচ্ছেদের আলোচ্য বিষয় অলংকার।

### ৬। অলংকার কয় প্রকার ও কী কী ?

অলংকার দুই প্রকার। যথা- শব্দালংকার ও অর্থালংকার।

### ৭। শব্দালংকার কাকে বলে ? একটি শ্লেষ অলংকারের নাম লেখ।।

যে অলংকার শব্দপরিবৃত্তিসহ অর্থাং শব্দের পরিবর্তন করে সমার্থক অন্য শব্দ বসালে যে অলংকার বিনষ্ট হয়ে যায় তাকে শব্দালংকার বলে। যেমন- শ্লেষ অলংকার।

### ৮। অর্থালংকার কাকে বলে ? একটি অর্থালংকারের নাম লেখ।

অর্থালংকার হল শব্দপরিবৃত্তিসহ অর্থাং এতে কোনো শব্দের বদলে সমার্থক অন্য শব্দ প্রয়োগ করলেও অলংকার বজায় থাকে।

একটি অর্থালংকারের নাম- উপমা অলংকার।

### ৯। একটি সাদৃশ্যমূলক অলংকারের নাম লেখ।

একটি সাদৃশ্যমূলক অলংকারের নাম উপমা অলংকার।

### ১০। অলংকারশাস্ত্রে ‘উপমেয়’ শব্দের অর্থ কি ?

‘উপমীয়তে সদৃশীক্রিয়তে যৎ’ এই অর্থে উপ-মা+যৎ=উপমেয়। মা ধাতুর অর্থ পরিমাপ করা বা তুলনা করা। সুতরাং উপমেয় শব্দের অর্থ যাকে বা যার তুলনা করা হয়। যে বণ্ণীয় বিষয়কে কোনো পদার্থের সঙ্গে তুলনা করা হয় তাকে উপমেয় বলে। যেমন-মুখম্ ইব চন্দ্ৰঃ। এই উদাহরণে মুখকে চাঁদের সাথে তুলনা করা হচ্ছে, তাই ‘মুখ’ এখানে উপমেয়।

### ১১। অলংকারশাস্ত্রে ‘উপমান’ শব্দের অর্থ কি ?

‘উপমীয়তে সদৃশীক্রিয়তে যেন তদুপমানম্’। যার সাথে কোনো বণ্ণীয় পদার্থের তুলনা করা হয় তাকে উপমান বলে। যেমন-‘মুখম্ ইব চন্দ্ৰঃ’ এই উদাহরণে চন্দ্ৰের সাথে তুলনা করা হয়েছে, তাই ‘চন্দ্ৰ’ এখানে উপমান।